



চিরতরে দৃষ্টি হারানো প্রতিরোধ করুন

অ্যামব্লিওপিয়ায় জন্য শিশুর পরীক্ষা করান এবং দ্রুত চিকিৎসা করান

অ্যামব্লিওপিয়া (“অ্যাম-ব্লি-ও-পি-য়া” হিসেবে উচ্চারণ করা হয়) হল শিশুদের দৃষ্টিশক্তির সমস্যা। যদি এর চিকিৎসা না করানো হয় তাহলে এর ফলে শিশু চিরদিনের মতো দৃষ্টি হারাতে পারে। প্রতি 100 জন প্রাপ্তবয়স্কের মধ্যে তিন জনের শৈশবে তাদের অ্যামব্লিওপিয়া চিকিৎসা না করানোর কারণে তাদের দৃষ্টি শক্তি হারায়।

অ্যামব্লিওপিয়ায় (amblyopia) কারণগুলি কি কি?

চোখ এবং মস্তিষ্ক উভয়েই একসঙ্গে আমাদের দেখতে সহায়তা করে। যখন কোনো মানুষ অ্যামব্লিওপিয়ায় আক্রান্ত হয় তখন দুটি চোখের মধ্যে একটি মস্তিষ্কের সঙ্গে ঠিকভাবে সমন্বয় সাধন করে না। ফলস্বরূপ, সেই চোখটির দৃষ্টি মস্তিষ্কের যে অংশ নিয়ন্ত্রণ করে সেটির যেমন উন্নত হওয়া প্রয়োজন তেমন হয় না।

অ্যামব্লিওপিয়া কখন হয়:

1. যখন একটি চোখের ফোকাস নষ্ট হয়ে যায়;
2. চোখদুটি ঠিকভাবে লাইনআপ করতে পারে না (স্ট্রাবিসমাস);
3. চোখের মণির উপর ঘোলাটে এলাকা থাকে (ছানি) বা চোখের পাতায় সমস্যা; অথবা
4. দূরের জিনিস দেখতে, কাছের জিনিস দেখতে তীব্র সমস্যা বা চোখের কর্ণিয়ার অসামঞ্জস্যতা (বিষমদৃষ্টি)।


কোনো শিশুর অ্যামব্লিওপিয়া আছে কিনা তা আপনি কিভাবে বলবেন?

শিশুটির চোখ ট্যারা, ডুপি লিড বা ছানি না থাকলে অন্য কিছুই জন্য পিতামাতারা সচরাচর কিছু বলেন না। অ্যামব্লিওপিয়া শনাক্ত করতে, বছরে একবার শিশু বিশেষজ্ঞের কাছে শিশুদের দৃষ্টিশক্তির পরীক্ষা করানো উচিত এবং স্কুলে দৃষ্টিশক্তির পরীক্ষা করা হলে সেখানে করানো উচিত।

পরীক্ষার সময়, শিশুকে অবশ্যই এক চোখ বন্ধ রেখে চার্টের অক্ষর বা ছবি শনাক্ত করতে হবে। প্রতিটি চোখ পৃথক পৃথকভাবে পরীক্ষা করা হবে। যদি কোনো সমস্যা থাকে, তাহলে শিশুকে কোনো শিশু চক্ষু ডাক্তারের কাছে (অপথ্যালমোলজিস্ট বা অপ্টোমেট্রিস্ট) দেখাতে হবে।

অ্যামব্লিওপিয়া কি চিকিৎসা করা যায়?

হ্যাঁ! চিকিৎসা বেশীরভাগ শিশুর দৃষ্টিশক্তির উন্নতি এবং চিরতরে দৃষ্টি নষ্ট হওয়া থেকে প্রতিরোধ করতে পারে, তবে সমস্যাটি যদি প্রথমেই ধরা পড়ে *কেবলমাত্র* তখন। যত শীঘ্র চিকিৎসা করা হবে, তত তাড়াতাড়ি শিশু তার অ্যামব্লিওপিয়ায় আক্রান্ত চোখে দৃষ্টি ফিরে পাবেন। ৪ বা ৭ বছরে সফলভাবে অ্যামব্লিওপিয়ায় চিকিৎসা করার ক্ষেত্রে অনেক দেরী হয়ে যেতে পারে।



কিভাবে অ্যামব্লিওপিয়া'র চিকিৎসা করা হয়?

1. অ্যামব্লিওপিয়া'র কারণ উল্লেখ করুন।

ডাক্তার ফোকাস বা চোখ প্রান্তিককরণের জন্য চশমা নিতে বলতে পারেন। যদি শিশুর চোখে ছানি পড়ে থাকে বা চোখের অন্য সমস্যা থাকে তাহলে শিশুটির চোখের সার্জারি করতে হতে পারে।

2. অ্যামব্লিওপিয়ায় আক্রান্ত চোখকে শক্তিশালী করে তুলুন।

শিশুর সুস্থ চোখ দিনের কয়েক ঘন্টার জন্য প্যাচ করার প্রয়োজন হতে পারে এবং/অথবা ডাক্তার আই ড্রপ বা মলম লাগাতে বলতে পারেন যা সুস্থ চোখের দৃষ্টি অস্পষ্ট করতে পারে, অ্যামব্লিওপিয়ায় আক্রান্ত চোখকে কাজ করার জন্য জোর দিতে পারে।

পিতামাতার জন্য পরামর্শ

- আপনার শিশুকে আশ্বস্ত করুন যে প্যাচ পরে থাকা গুরুত্বপূর্ণ এবং এটি শাস্তি নয়। দৃঢ় থাকলেও দয়ালু থাকুন। ভিন্ন দেখা বা অনুভব করা সহজ নয়।
- যদি আপনার শিশু বাড়ীর বাইরে প্যাচ পরে, তাহলে শিক্ষকদের, পরিচর্যাকারীদের এবং খেলার সঙ্গীদের প্যাচের গুরুত্ব ব্যাখ্যা করুন এবং তাদের সহায়তা করতে উত্সাহ দিন।

চিকিৎসা কত দিন চলবে?

চিকিৎসা কয়েক সপ্তাহ থেকে এক বছরের বেশী দিন পর্যন্ত চলতে পারে। চিকিৎসার পর, শিশুটির অ্যামব্লিওপিয়া যে সম্পূর্ণ নির্মূল হয়েছে তা নিশ্চিত করতে 9 বা 10 বছর বয়স পর্যন্ত চেকআপ করতে হবে।

- শিশুদের বছরে একবার স্কুলে বা শিশু চিকিৎসকের কাছে তাদের দৃষ্টিশক্তির পরীক্ষা করাতে হবে।
- যদি কোনো সমস্যা মনে হয় তাহলে সম্পূর্ণ চক্ষু পরীক্ষা করাতে হবে।
- Medicaid সহ অনেক জীবন বীমা চোখের সম্পূর্ণ পরীক্ষার খরচ এবং এক জোড়া চশমা'র খরচ বহন করে।

অন্যান্য সংস্থান

নিউইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগ
(New York City Health Department)
nyc.gov/health

আমেরিকান অ্যাসোসিয়েশন ফর পেডিয়াট্রিক
অপথ্যালমোলজি বা স্ট্রাবিসমাস
(American Association for Pediatric
Ophthalmology and Strabismus)
www.aapos.org

ন্যাশনাল আই ইনস্টিটিউট
(National Eye Institute)
www.nei.nih.gov

আমেরিকান অ্যাকাডেমি অফ অপথ্যালমোলজি
(American Academy of Ophthalmology)
www.aao.org

আমেরিকান অ্যাকাডেমি অফ পেডিয়াট্রিক্স
(American Academy of Pediatrics)
www.aap.org

আমেরিকান অপ্টোমেট্রিক অ্যাসোসিয়েশন
(American Optometric Association)
www.aoa.org

প্রিভেন্ট ব্লাইন্ডনেস আমেরিকা
(Prevent Blindness America)
www.preventblindness.org

